গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
পাংশা, রাজবাড়ী।
www.pangsa.rajbari.gov.bd

পাংশা উপজেলার অক্টোবর/২০২১ মাসের আইন-শৃঙ্খলা কমিটির সভার কার্যবিবরণী।

সভাপতি: মোহাম্মাদ আলী
উপজেলা নির্বাহী অফিসার
পাংশা, রাজবাড়ী।

স্থান ঃ উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ
পাংশা, রাজবাড়ী।

তারিখ ঃ ১৭.১০.২০২১ খ্রিস্টাব্দ। সময় ঃ বেলা ১১.০০ ঘটিকা

উপস্থিতি ঃ রেজিষ্টারে সংরক্ষিত।

সভার প্রারম্ভে সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। অতঃপর প্রধান উপদেষ্টা জনাব বীর মুক্তিযোদ্ধা মোঃ জিল্লুল হাকিম স্বাগত বক্তব্য প্রদান করেন। অত:পর সভাপতি গত সভার কার্যবিবরণী পাঠ করে শোনান। কার্যবিবরণীতে কোন সংশোধন না থাকায় তা দৃঢ়ীকরণ করা হয় এবং সেপ্টেম্বর/২০২১ এবং অক্টোবর/২০২১ মাসের পাংশা উপজেলার তুলনামূলক আপরাধ চিত্র পর্যালোচনা করা হয় ।

উপজেলার তুলনামূলক আপরাধ চিত্রঃ

সেপ্টেম্বর/২০২১ এবং অক্টোবর ২০২১ মাসের তুলনামূলক অপরাধ চিত্রঃ

| মাসের নাম | খুন | রাহাজানি ও ডাকাতি | চুরি / সিদেল চুরি | দাঙ্গা দস্যুতা | মাদক দ্রব্য | অপহরন | নারী ও শিশু নির্যাতন (ধর্ষণ) | অস্ত্র আইন | আইন-শৃঙ্খলা বিঘ্নকারী অপরাধ (দ্রুতবিচার) | চোরাচালান | অন্যান্য | মোট |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| সেপ্টেম্বর/ ২০২১ | - | ১ | - | - | - | - | ১ | - | - | - | - | ০২ |
| অক্টোবর/২০২১ | - | - | - | - | - | - | ১ | - | | - | - | ০১ |
| হ্রাস/ বৃদ্ধি | - | - | - | - | - | - | - | - | | - | - | হ্রাস |

সভায় উপস্থাপিত তুলনামূলক আপরাধ চিত্র পর্যালোচনায় দেখা যায় , পাংশা উপজেলায় সেপ্টেম্বর/২০২১ মাসে বিভিন্ন অপরাধে মোট দায়েরকৃত মামলার সংখ্যা ২ টি এবং সেপ্টেম্বর/২০২১ মাসে বিভিন্ন অপরাধে দায়েরকৃত মোট মামলার সংখ্যা ১ টি। অতঃপর আইন-শৃংখলা বিষয়ে বক্তব্য প্রদানের জন্য সকলের প্রতি আহবান জানান। আইন-শৃংখলা বিষয়ে বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

| ক্র. নং | আলোচক | আলোচ্য বিষয় | সিদ্ধান্তসমূহ | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ০১ | জনাব মোক্তার হোসেন, সাংবাদিক, প্রেসক্লাব পাংশা, রাজবাড়ী। | জনাব মোক্তার হোসেন, সাংবাদিক, পাংশা জানান ২৩ সেপ্টেম্বর জজ আলী বিশ্বাসসহ অনেকে কারাগারে আটক ছিলেন ষড়যন্ত্রমূলক মামলা হতে অব্যহতি পাওয়ার বিষয়ে পদক্ষেপ গ্রহণের জন্য অনুরোধ জানান। সুষ্ঠু তদন্তপূর্বক রহস্য উদঘাটনের অনুরোধ জানান। | অফিসার- ইন- চার্জ, পাংশা মডেল থানাকে অনুরোধ জানানো হয়। | অফিসার- ইন- চার্জ, পাংশা মডেল থানা, পাংশা |
| ০২ | জনাব মাসুদ রেজা শিশির সাংবাদিক, প্রেসক্লাব, পাংশা, রাজবাড়ী। | জনাব মাসুদ রেজা শিশির, সাংবাদিক, পাংশা প্রেসক্লাব, জানান পাংশা পৌর এলাকায় মোটরসাইকেল চুরি বৃদ্ধি পেয়েছে। মোটরসাইকেল উদ্ধার হয়েছে কিনা জানা যায়নি। উপজেলা ক্রীড়া সংস্থার ঘরটি সংস্কার এর অভাবে জ্বরাজীর্ণ অবস্থায় আছে। ঘরটি সংস্কারের অনুরোধ জানান। | মোটর সাইকেল উদ্ধার বিষয়ে পদক্ষেপ গ্রহণের জন্য অফিসার-ইন-চার্জ, পাংশা থানা, পাংশাকে অনুরোধ করা হয় । | অফিসার- ইন- চার্জ, পাংশা মডেল থানা, পাংশা |

| ক্র. নং | আলোচক | আলোচ্য বিষয় | সিদ্ধান্তসমূহ | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ০৩ | চেয়ারম্যান, বাবুপাড়া ইউনিয়ন পরিষদ, পাংশা, রাজবাড়ী। | চেয়ারম্যান, বাবুপাড়া ইউনিয়ন পরিষদ সভায় জানান যে, বর্তমানে ইউনিয়নে নেশাদ্রব্যের উপদ্রব বৃদ্ধি পেয়েছে। মাদকদ্রব্য নিয়ন্ত্রনে সংশ্লিষ্টদের দৃষ্টি কামনা করেন। | আইন-শৃঙ্খলা পরিস্থিতি নিয়ন্ত্রণের জন্য অফিসার ইন-চার্জ পাংশা মডেল থানাকে অনুরোধ জানানো হয়। | অফিসার- ইন-চার্জ, পাংশা মডেল থানা, পাংশা |
| ০৪ | চেয়ারম্যান, পাট্টা ইউনিয়ন পরিষদ, পাংশা | চেয়ারম্যান পাট্টা ইউনিয়ন পরিষদ জানান সপ্তাহ খানেক ধরে ইউনিয়নের আইন শৃংখলা পরিস্থিতি ভাল নেই। দু-তিনজন সন্ত্রাসী এলাকায় বি-শৃংখলা সৃষ্টি করছে। তিনি তাদের নিয়ন্ত্রণের অনুরোধ জানান। | পরিস্থিতি নিয়ন্ত্রণে যথাযথ পদক্ষেপ গ্রহণের জন্য অফিসার ইন-চার্জ পাংশা মডেল থানাকে অনুরোধ জানানো হয়। | অফিসার- ইন-চার্জ, পাংশা মডেল থানা, পাংশা |
| ০৫ | মেয়র, পাংশা পৌরসভা | পাংশা পৌরসভার যানজট নিরসনে বাইপাস সড়ক নির্মানের অনুরোধ জানান মেয়র, পাংশা পৌরসভা | - | সংশ্লিষ্ট কর্তৃপক্ষ |
| ০৬ | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পাংশা, রাজবাড়ী। | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, অস্ত্র উদ্ধার ও অস্ত্রধারীদের গ্রেফতার করায় আইন-শৃংখলা বাহিনীকে ধন্যবাদ জানান । অবাধ ও সুষ্ঠুভাবে ইউনিয়ন পরিষদ নির্বাচনে নিরপেক্ষভাবে কাজ করার অনুরোধ জানান। কেউ যেন পেশিশক্তি প্রদর্শন করতে না পারে সেদিকে দৃষ্টি দেয়ার অনুরোধ জানান। সকলকে সম্মিলিতভাবে কাজ করার অনুরোধ জানান। মাদকদ্রব্য নিয়ন্ত্রণে যথাযথ আইনগত পদক্ষেপ গ্রহণের জন্য অফিসার ইন-চার্জ পাংশা মডেল থানাকে অনুরোধ জানান। | আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অফিসার-ইন- চার্জ, মডেল থানা, পাংশাকে অনুরোধ করা হয়। | অফিসার- ইন-চার্জ, পাংশা মডেল থানা, পাংশা |

মাননীয় উপদেষ্টা বীর মুক্তিযোদ্ধা মোঃ জিল্লুল হাকিম, জাতীয় সংসদ সদস্য, রাজবাড়ী-২ সভায় উপস্থিত সকলকে পুনরায় ধন্যবাদ প্রদান করেন। আইন-শৃংখলা রক্ষায় আইন-শৃংখলা রক্ষাকারী বাহিনীর ভূমিকার জন্য ধন্যবাদ জানান। অবৈধ অস্ত্র উদ্ধারের জন্য অনুরোধ জানান। মোটর সাইকেল চুরির সিন্ডিকেট আছে তাদের দমন করতে হবে। অস্ত্র নিয়ন্ত্রণে কঠোর হতে হবে। আসন্ন ইউনিয়ন পরিষদ নির্বাচনে আইন-শৃংখলা পরিস্থিতি নিয়ন্ত্রণে সজাগ থাকার আহবান জানান। আইন-শৃংখলা রক্ষায় সরকার বদ্ধ পরিকর। যানজট নিরসনে স্ট্যান্ড নির্মাণের জন্য মেয়র, পাংশা পৌরসভাকে অনুরোধ জানান।

অফিসার ইন চার্জ, পাংশা মডেল থানার প্রতিনিধি জানান আসন্ন ইউনিয়ন পরিষদ নির্বাচন উপলক্ষে আইন-শৃখলা রক্ষায় সর্বাত্নক চেষ্টা অব্যাহত আছে এবং অস্ত্র উদ্ধার অভিযান চলছে। অপরাধীদের গ্রেফতারে প্রচেষ্টা অব্যাহত আছে। মাদকদ্রব্য নিয়ন্ত্রণে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানগণের সহযোগিতা কামনা করেন।

সভাপতি মহোদয় আইন-শৃংখলা কমিটির সদস্যদের সভায় উপস্থিত হওয়ায় কৃতজ্ঞতা প্রকাশ করেন। আইন-শৃংখলা বজায় রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অফিসার ইন-চার্জ, পাংশা মডেল থানাকে অনুরোধ জানান। এছাড়া নারী ও শিশু নির্যাতন, জঙ্গীবাদী কার্যক্রম, মাদক বিক্রয় ও সেবনকারীদের বিরুদ্ধে আইনগত পদক্ষেপ গ্রহণের জন্য অফিসার ইন-চার্জ পাংশা মডেল থানাকে অনুরোধ করা হয়।।

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৭/১০/২১

(মোহাম্মাদ আলী)
উপজেলা নির্বাহী অফিসার
পাংশা,রাজবাড়ী।
মোবাঃ নং- ০১৭৩৩৩৩৬৪০৫
e-mail:unopangsa@mopa.gov.bd

নম্বর: ০৫.৩০.৮২৭৩.০০২.০৯৭.০১৯.১৯- ৭৬২ (৫০)

তারিখ : ১২ কার্তিক ১৪২৮ বঙ্গাব্দ
২৭ অক্টোবর ২০২১ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো ঃ

১। মাননীয় সংসদ সদস্য, রাজবাড়ী-২।
২। জেলা প্রশাসক, রাজবাড়ী।
৩। পুলিশ সুপার, রাজবাড়ী।
৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পাংশা, রাজবাড়ী ।
৫। মেয়র, পাংশা পৌরসভা, পাংশা, রাজবাড়ী
৬। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পাংশা, রাজবাড়ী।

অবগতি ও কার্যার্থেঃ

১। চেয়ারম্যান,................................................ইউনিয়ন পরিষদ, পাংশা, রাজবাড়ী।
২। উপজেলা ......................................................... অফিসার, পাংশা,রাজবাড়ী।
৩। জনাব ......................................................................................... ।

২৭/১০/২১

উপজেলা নির্বাহী অফিসার
পাংশা, রাজবাড়ী।